

আবার মোরে পাগল করে দিবে কে ।
 হৃদয় যেন পাষণ-হেন বিরাগ-ভরা বিবেকে ॥
 আবার প্রাণে নূতন টানে প্রেমের নদী
 পাষণ হতে উছল স্রোতে বহায় যদি -
 আবার দুটি নয়নে লুটি হৃদয় হ'রে নিবে কে !
 আবার মোরে পাগল করে দিবে কে ॥

আবার কবে ধরণী হবে তরুণা ।
 কাহার প্রেমে আসিবে নেমে স্বরগ হতে করুণা ।
 নিশীথনভে শূনিব কবে গভীর গান,
 যে দিকে চাব দেখিতে পাব নবীন প্রাণ,
 নূতন প্রীতি আনিবে নিতি কুমারী উষা অরুণা ।
 আবার কবে ধরণী হবে তরুণা ।

দিবে সে খুলি এ ঘোর ধূলি- আবরণ ।
 তাহার হাতে আঁখির পাতে জগত-জাগা জাগরণ ।
 সে হাসিখানি আনিবে টানি সবার হাসি ।
 গড়িবে গেহ, জাগাবে স্নেহ— জীবনরাশি ।
 প্রকৃতিবধু চাহিবে মধু, পরিবে নব আভরণ -
 সে দিবে খুলি এ ঘোর ধূলি- আবরণ ।

হৃদয়ে এসে মধুর হেসে প্রাণের গান গাহিয়া
 পাগল করে দিবে সে মোরে চাহিয়া
 আপনা থাকি ভাসিবে আঁখি আকুল নীরে,
 ঝরনা-সম জগত-মম ঝরিবে শিরে -
 তাহার বাণী দিবে গো আনি সকল বাণী বাহিয়া ।
 পাগল করে দিবে সে মোরে চাহিয়া ॥

Parjaay: Kabya Sangeet, Taal: Jhampak, Style: Kirtan
 Visit www.geetabitan.com for notation and other detail